ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২২৫৫
আগরতলা, ১০ আগস্ট, ২০২৫

**সমাজের সব অংশের মানুষ স্বেচ্ছা রক্তদানে এগিয়ে এলে রাজ্যে রক্তের কোন ঘাটতি থাকবেনা ঃ মুখ্যমন্ত্রী**

এলাকার উন্নয়ন, শান্তি সম্প্রীতি নানা ক্ষেত্রে সচেতনতা বাড়াতে ক্লাবগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। রক্তদানের মতো মহৎ কাজ আর হতে পারেনা। আজ কলেজটিলাস্থিত শিবনগর মর্ডাণ ক্লাব ও আমরা তরুণ দল ক্লাবের ৭৩তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষ্যে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। তিনি বলেন, রাজ্যে ব্লাড ব্যাঙ্কগুলিতে পর্যাপ্ত পরিমাণে রক্ত মজুত রাখতে সরকার সচেষ্ট। রক্তদানকে সমাজসেবামূলক কাজ হিসেবে গ্রহণ করে প্রতিটি ক্লাব ও সংস্থাগুলির মধ্যে রক্তদান শিবির করার একটি সুস্থ প্রতিযোগিতার পরিবেশ গড়ে তুলতে হবে। সরকারি প্রচেষ্টার পাশাপাশি সমাজের সব অংশের মানুষ এই উদ্যোগে এগিয়ে এলে রক্তের কোন ঘাটতি হবে না চিকিৎসার ক্ষেত্রে।

মুখ্যমন্ত্রী বলেন, বর্তমানে ড্রাগস সেবন ও ড্রাগ বিক্রেতাদের নির্মূল করতে সরকার সব ধরণের প্রচেষ্টা করছে। সরকারের পাশাপাশি এই কাজে ক্লাব বা বিভিন্ন সামাজিক সংস্থাগুলি উদ্যোগী হলে নেশাবিরোধী কাজ সম্পূর্ণতা পাবে। সরকার ক্লাবগুলির ভাল কাজের সাথে সব সময় পাশে থাকবে ও সহযোগিতা করবে। তিনি বলেন, ড্রাগসের নেশা সেবনের সাথে এইচআইভি ছড়ানোর একটা সম্পর্ক রয়েছে। সেক্ষেত্রে পারিবারিক, সামাজিক সর্বক্ষেত্রে সচেতনতা বাড়াতে হবে সংঘবদ্ধ ভাবে। ক্লাব বা সংস্থাগুলিকে গুরুত্বপূর্ণ দায়িত্ব নিয়ে এগিয়ে আসতে হবে। সরকার নেশার বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি নিয়ে চলার পাশাপাশি মানুষের মধ্যে দেশাত্মবোধ জাগ্রত করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ইচ্ছায় হর ঘর তিরঙ্গা, ৭৫ সীমান্ত বীরকা নাম সহ নানা কর্মসূচি হাতে নিয়েছে। সমাজকে সুস্থ সুন্দর ও উন্নয়নের সঠিক দিশায় পৌঁছাতে সরকারের পাশাপাশি ক্লাব, সংস্থা সহ প্রতিটি মানুষকে এগিয়ে আসতে হবে। এই ধরণের কর্মসূচি এলাকায় এলাকায় প্রতিটি মানুষের মধ্যে একটা সুন্দর সম্পর্ক গড়ে উঠতে সহায়তা করে। বর্তমানে ক্লাব বা সংস্থাগুলি নানা সামাজিক ভাল কাজে এগিয়ে আসছে। এটা সমাজের জন্য শুভ লক্ষণ। ক্লাবগুলির এই উদ্যোগ প্রশংসনীয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভাষণ রাখতে গিয়ে সাংসদ রাজীব ভট্টাচার্য বলেন, ক্লাব বা সামাজিক সংস্থাগুলির পাশে সরকার নানা সহায়তার মধ্য দিয়ে সব সময়ই পাশে আছে এবং থাকবে। ক্লাব বা সামাজিক সংস্থাগুলি এখন ভাল ভাল সামাজিক উদ্যোগ নিচ্ছে যা সমাজের জন্য একটা ভাল লক্ষণ। সমাজকে সুস্থ ও সুন্দর রাখতে সর্বদাই নেশার বিরুদ্ধে আমাদের রুখে দাড়াতে হবে এবং সেটা সরকার জনগণ সবাই মিলে করতে হবে। অন্যান্যদের মধ্যে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, আগরতলা পুরনিগমের ইস্ট জোনের চেয়ারম্যান সুখময় সাহা। স্বাগত ভাষণ রাখেন শিবনগর মর্ডাণ ক্লাব ও আমরা তরুণ দলের সহ সভাপতি প্রদীপ ঘোষ। ধন্যবাদ জ্ঞাপন করেন ক্লাব সহসভাপতি শৈবাল রায়। উপস্থিত ছিলেন ক্লাব সম্পাদক শ্যামা দে। মুখ্যমন্ত্রী সহ অন্যান্যরা রক্তদান শিবিরে রক্ত দাতাদের শারীরিক খোঁজখবর নেন ও প্রশংসা করেন। শিবিরে মোট ২০ জন রক্ত দান করেন। শিবনগর মর্ডাণ ক্লাব ও আমরা তরুণ দলের পক্ষ থেকে ৭৩তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে রক্তদানের পাশাপাশি বসে আঁকো প্রতিযোগিতা, সাঁতার প্রতিযোগিতা, দাবা প্রতিযোগিতা, নৃত্য প্রতিযোগিতা, আবৃত্তি, সংগীত প্রতিযোগিতা করা হয়।

******